গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ)
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২) (১ম সংশোধিত)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
Website: www.natp2dae.gov.bd

"কৃষিই সমৃদ্ধি"

নং-১২.০১.০০০০.০৪০.৩৬.১৬৩.১৮- ৮৭০

তারিখ: ২৪.১০.২০২১ খ্রি.

# বিজ্ঞপ্তি

**বিষয়: ২০২১-২২ অর্থ বছরে এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড-৩ (এআইএফ-৩) ম্যাচিং গ্রান্ট উপ-প্রকল্প প্রস্তাব (৬ষ্ঠ) আহ্বান।**

| | | |
|---|---|---|
| ১ | মন্ত্রণালয়/অধিদপ্তর | কৃষি মন্ত্রণালয়/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই)। |
| ২ | বাস্তবায়নকারী | প্রকল্প বাস্তবায়ন ইউনিট, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (পিআইইউ, এনএটিপি-২, ডিএই), ১ম বিল্ডিং, ৬ষ্ঠ তলা, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা। |
| ৩ | এআইএফ-৩ ম্যাচিং গ্রান্ট পরিচিতি | কৃষির উৎপাদনশীলতা বৃদ্ধি এবং ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের বাজার প্রবেশাধিকার সহজীকরণ/উন্নয়নের লক্ষ্যে বিশ্ব ব্যাংকের সহায়তায় গৃহীত একটি প্রকল্প-**"এনএটিপি-২"**। প্রকল্পে উদ্ভাবনীমূলক কার্যক্রমের মাধ্যমে গ্রামীণ ক্ষুদ্র উদ্যোক্তাদের ক্রমবিকাশ ও উন্নয়নে সহায়তা প্রদানের নিমিত্ত একটি অংশগ্রহণমূলক অফেরতযোগ্য তহবিলের সংস্থান রাখা হয়েছে এ তহবিলটিই হলো **"এআইএফ-৩"**। এ তহবিল ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের বাজার প্রবেশাধিকার সহজীকরণে ভূমিকা পালন করবে এবং উদ্যোক্তা ও সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের পুঁজি/সম্পদ বৃদ্ধিতে সহায়ক হবে। এনএটিপি-২ প্রকল্প এলাকায় সিআইজি, প্রডিউসার অর্গানাইজেশন পিও) এবং গ্রামীণ ক্ষুদ্র এগ্রি-বিজনেস উদ্যোক্তাদেরকে প্রতিযোগিতার ভিত্তিতে এ গ্রান্ট প্রদান করা হবে। |
| ৪ | যোগ্যাতার মানদন্ড/মাপকাঠি | • এগ্রি-বিজনেস কার্যক্রমে অবশ্যই বৈধ ও হালনাগাদ ট্রেড লাইসেন্স থাকতে হবে/রেজিস্ট্রেশন প্রাপ্ত হতে হবে।<br>• প্রতিষ্ঠিত অফিস/ব্যবসা প্রতিষ্ঠান থাকতে হবে।<br>• গ্রামীণ প্রাইভেট সেক্টর এগ্রি-বিজনেস উদ্যোক্তার ক্ষেত্রে ৩ (তিন) বছর, অন্যান্য গ্রামীণ উদ্যোক্তার ক্ষেত্রে ২ (দুই) বছরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।<br>• প্রতিষ্ঠানের নামে নিয়মিতভাবে পরিচালিত ব্যাংক একাউন্টে প্রস্তাবিত উপ-প্রকল্প ব্যয়ের ন্যূনতম ৫০% অর্থ জমা থাকতে হবে।<br>• কৃষক বাজার সংযোগ বিষয়ক অভিজ্ঞতা: উৎপাদিত কৃষিজ পণ্যাদির বার্ষিক কেনা বেচার পরিমাণ ও টার্ন-ওভারের ক্ষেত্রে উদ্যোক্তার পারফরমেন্স সন্তোষজনক ও যুক্তিসংগত পর্যায়ে থাকতে হবে। |
| ৫ | এআইএফ-৩ ম্যাচিং গ্রান্টের পরিমাণ ও উদ্যোক্তা অংশের শেয়ার | এআইএফ-৩ ম্যাচিং গ্রান্টের পরিমাণ হবে উপ-প্রকল্প ব্যয়ের ৫০% হিসাবে সর্বোচ্চ ৫ লক্ষ ৮১ হাজার টাকা, এবং উপ-প্রকল্প ব্যয়ের অবশিষ্ট ৫০% অর্থের যোগানদাতা হিসেবে উদ্যোক্তাকে নিশ্চিত হতে হবে। যদি কোন উদ্যোক্তা উপ-প্রকল্প ব্যয়ের ৫০% এরও অধিক বিনিয়োগে সক্ষম হন, তবুও ম্যাচিং গ্রান্টের পরিমাণ সর্বোচ্চ ৫ লক্ষ ৮১ হাজার টাকার সীমা অতিক্রম করবে না। |
| ৬ | আবেদনের বিবেচ্য বিষয়াবলী | • এআইএফ-৩ ম্যাচিং গ্রান্ট প্রাপ্তির ক্ষেত্রে উদ্যোক্তাকে তার নিজ উপজেলার উপজেলা কৃষি দপ্তরের মাধ্যমে আবেদন করতে হবে।<br>• এআইএফ-৩ ম্যাচিং গ্রান্টের জন্য নারী এগ্রি-বিজনেস উদ্যোক্তাদেরকে বিশেষভাবে বিবেচনা করা হবে।<br>• প্রকল্প মেয়াদে কোন উদ্যোক্তার একটি মাত্র উপ-প্রকল্প এআইএ-৩ ম্যাচিং গ্রান্টের জন্য বিবেচ্য হবে<br>• এলাকার কৃষকদের সাথে উদ্যোক্তার উৎপাদিত কৃষিজ পন্যাদি বেচা-কেনা/বাজার যোগসূত্র থাকতে হবে।<br>• যে সকল উপ-প্রকল্প প্রস্তাবনা কৃষির উৎপাদশীলতা ও কৃষকের আয় বৃদ্ধিতে সহায়ক হবে এবং স্বয়ংক্রিয়ভাবে টেকসই উৎপাদিত ও বাজার ব্যবস্থার দিকে এগিয়ে যেতে সক্ষম বলে প্রতীয়মান হবে সে সকল প্রস্তাবনার অনুকূলে ম্যাচিং গ্রান্ট মঞ্জুর করা হবে।<br>• গ্রান্ট গ্রহণকারী উদ্যোক্তার কর্তৃক প্রদেয় নগদ অর্থের পরিপূরক ও আংশিক হিসেবে এআইএফ-৩ ম্যাচিং গ্রান্ট প্রাদান করা হবে।<br>• অপারেটিং, রক্ষণাবেক্ষণ এবং অন্যান্য পৌনঃপুনিক ব্যয় (recurrent cost) ম্যাচিং গ্রান্ট প্রদান করা হবে না ।<br>• যে সকল উপ-প্রকল্প প্রস্তাব সামাজিক ও পরিবেশ সুরক্ষায় নেতিবাচক প্রভাব সৃষ্টি করতে পারে সে সকল প্রস্তাবনার অনুকূলে এআইএফ-৩ ম্যাচিং গ্রান্ট মঞ্জুর করা হবে না।<br>• প্রতিযোগীতামূলক প্রক্রিয়ায় যাচাই, বাছাই ও মূল্যায়নের মাধ্যমে কেবল অনুমোদিত উপ-প্রকল্পসমূহকে এআইএফ-৩ ম্যাচিং গ্রান্ট সহায়তা করা হবে।<br>• গ্রান্টের জন্য বিবেচিত গ্রামীণ উদ্যোক্তা-কে প্রকল্প আরোপিত শর্তাবলির আলোকে অঙ্গীকারনামা সম্পাদন করতে হবে।<br>• পরিবীক্ষণ ও মূল্যায়ন : প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, ডিএই এর কর্মকর্তাবৃন্দ, ফার্ম ও কমিশন কর্তৃক উপ-প্রকল্পের কার্যাদি নিয়মিত পরিবীক্ষণ ও মূল্যায়ন করা হবে।<br>• উপজেলা হতে প্রাপ্ত আবেদন সমূহ টিইসি এবং এনইসি কমিটি কর্তৃক মূল্যায়নের মাধ্যমে নির্বাচিত হবে। |

| | | |
|---|---|---|
| ৭ | এআইএফ-৩ ম্যাচিং গ্রান্ট অর্থায়নের সম্ভাব্য ক্ষেত্রসমূহ | উদ্ভাবনীমূলক প্রযুক্তি/ফসল সংগ্রহোত্তর প্রযুক্তি/এগ্রো-প্রসেসিং বা কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণ/কৃষি বাণিজ্যিকীকরণ/ইত্যাদি (সংযুক্ত) |
| ৮ | এআইএফ-৩ ম্যাচিং গ্রান্ট উপ-প্রস্তাব প্রণয়ন ও দাখিল | • যোগ্যতাসম্পন্ন উদ্যোক্তা কর্তৃক প্রকল্প নির্ধারিত ছকে এআইএফ-৩ উপ-প্রকল্প প্রস্তাব প্রণয়ন করতে হবে।<br>• প্রস্তাবনার সমর্থনে সংশ্লিষ্ট সকল কাগজ-পত্রসহ প্রণীত উপ-প্রকল্প প্রস্তাবটি অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত সর্বশেষ সময়সীমার মধ্যে স্থানীয় উপজেলা কৃষি অফিসে দাখিল করতে হবে। |
| ৯ | উপ-প্রকল্প প্রস্তাবনা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা | সংশ্লিষ্ট ইউএও দপ্তরের কর্মকর্তাবৃন্দ ও হর্টেক্স ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দের নিকট হতে এআইএফ-৩ উপ-প্রকল্প প্রস্তাবনা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা গ্রহণ করা যেতে পারে। |
| ১০ | উপ-প্রকল্প প্রণয়ন ছক/উদ্যোক্তার যোগ্যতার মান নির্ণায়ক/গাডলাইন/ অন্যান্য প্রাপ্তিস্থান | সংশ্লিষ্ট এসএএও এর নিকট হতে সংগ্রহ করা যাবে, তাছাড়া স্থানীয় উপজেলা কৃষি অফিস/ফিয়াক থেকেও সংগ্রহ করা যেতে পারে। |
| ১১ | **এআইএফ-৩ উপ-প্রকল্প দাখিলের সময়সীমা** | **উদ্যোক্তা কর্তৃক সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসে উপ-প্রকল্প দাখিলের সর্বশেষ তারিখ: ০৮ ডিসেম্বর ২০২১ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত।** |
| ১২ | **প্রকল্প দপ্তরে উপ-প্রকল্প প্রস্তাব প্রেরণ** | **উপজেলা কৃষি অফিস কর্তৃক পিআইইউ, এনএটিপি-২, ডিএই, খামারবাড়ি, ঢাকায় উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত উপ-প্রস্তাব প্রেরণের সর্বশেষ তারিখ: ০৭ জানুয়ারী ২০২২ খ্রি.।** |

**এতদ্ বিষয়ক বিস্তারিত তথ্যাদি স্থানীয় উপজেলা কৃষি অফিস হতে জানা/সংগ্রহ করা যাবে।**

সংযুক্তি: বিজ্ঞপ্তির ক্রমিক নং ০৯ এর বর্ণনামতে ১ (এক) পাতা।

২৪/১০/২০২১


**(আজহারুল ইসলাম সিদ্দিকী)**
**পরিচালক**
**মোবাইল: ০১৭১৮৯৬৫১৪৯**
**ইমেইল: directordaenatp2@gmail.com**


**কার্যার্থে:**

উপজেলা কৃষি কর্মকর্তা, ........................................ উপজেলা (২৭০), .................................. জেলা।

সংশ্লিষ্ট বিষয়ে বহুল প্রচারণাসহ উদ্যোক্তা কর্তৃক এআইএফ-৩ ম্যাচিং গ্রান্ট উপ-প্রকল্প প্রস্তাবনা প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে এসএএওদের কর্মতৎপরতা বৃদ্ধির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহন এবং উদ্যোক্তা দাখিলকৃত উপ-প্রকল্প প্রস্তাবনাসমূহ প্রকল্প নির্ধারিত ছকে যথাযথভাবে যাচাইপূর্বক (প্রস্তাবনা দাখিলের ৩০ দিনের মধ্যে) সংশ্লিষ্ট সকল সাপোটিং ডকুমেন্টসহ আগামী **০৭ জানুয়ারী ২০২২ খ্রি.** তারিখের মধ্যে অত্র প্রকল্প দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত (জ্যেষ্ঠতার ক্রমাণুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (পিপিসি), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), পিএমইউ, এনএটিপি-২, বিএআরসি কমপ্লেক্স, ফার্মগেট, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, হর্টেক্স ফাউন্ডেশন, সেচ ভবন, ২২ মানিক মিয়া এভিনিউ, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬. পরিচালক; পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৭. অতিরিক্ত পরিচালক , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ........................................................অঞ্চল (১৪)।
৮. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ..................................................................জেলা (৫৭)।
৯. উপপরিচালক (আইসিটি), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। (ডিএই ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত)।
১০. এডি/ডিডি (ওএমই)/এডিডি (এফএমপি), পিআইইউ, এনএটিপি-২ (১ম সংশোধিত), ডিএই, খামারবাড়ি, ঢাকা (৬)।
১১. সহকারী আইসিটি বিশেষজ্ঞ, পিআইইউ, এনএটিপি-২, ডিএই, খামারবাড়ি, ঢাকা (এনএটিপি-২, ডিএই এর ওয়েব সাইটে প্রচারের নিমিত্ত)।
১২. অফিস কপি।